

বিজ্ঞপ্তি
কাঁচরাপাড়া কলেজ

এতদ্বারা, যে সকল (অনার্স এবং জেনারেল) শিক্ষার্থী ২০২০-২০২১ শিক্ষাবর্ষের প্রথম ষাণ্মাসিকে ভর্তি হয়েছে, তাঁদেরকে জানানো হচ্ছে যে, তাঁদের জন্যে নির্ধারিত বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন পোর্টাল ২১/০৪/২০২১ থেকে ০৮/০৫/২০২১ তারিখ অবধি খোলা থাকবে। তাঁরা প্রত্যেকে যেন নিজেদের রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় তথ্য (নাম, বিষয়, ইত্যাদি) ভালো করে খুঁটিয়ে মিলিয়ে নেয়। যদি সেখানে কোনওরকম ভুল থাকে বা কোনও কিছু পরিবর্তনের প্রয়োজনীয়তা থাকে তাহলে তাঁরা সেই পোর্টাল থেকে নিজেদের ফর্মটি ডাউনলোড করে সেটির প্রিন্টআউট নিয়ে, সেখানে যা যা ভুল সংশোধন করার সেগুলি যথাযথভাবে সংশোধন করে, সেটি কলেজ অফিসে ২৬/৪/২০২১ তারিখের পরে (এবং ০৮/০৫/২০২১ তারিখের আগে) এসে জমা করতে পারে। অথবা, সেই সংশোধিত ফর্মটি স্ক্যান করে সেটির পিডিএফ সুনির্দিষ্ট পোর্টালে আপলোড করতে পারে। মনে রাখতে হবে, সংশোধিত ফর্মে শিক্ষার্থীর সাক্ষর বাধ্যতামূলক। উল্লেখ্য, পিডিএফ ছাড়া অন্য কিছু, যেমন ওয়ার্ড ফাইল বা ছবি গৃহীত হবে না। পিডিএফটির সাইজ অবশ্যই ২০MB-র কম হতে হবে। সংশোধিত ফর্ম আপলোড করার জন্যে শিক্ষার্থীর অতি অবশ্যই একটি জি-মেইল অ্যাকাউন্ট থাকতে হবে।

রেজিস্ট্রেশন পোর্টালের লিংক – <https://pcdpcal.com/ku-reg-2021>

উপরোল্লিখিত পোর্টালে ঢুকে নিজেদের কলেজের নাম নির্বাচন করে নিজেদের অ্যাপলিকেশন নম্বরটি (যেটি তাঁরা কলেজে ভর্তি হওয়ার সময় পেয়েছিল সেটি) দিতে হবে। এইভাবে তাঁরা নিজ নিজ রেজিস্ট্রেশন ফর্মটি দেখতে পাবে এবং প্রয়োজনে ডাউনলোড করতে পারবে।

সংশোধিত ফর্ম আপলোড করার পোর্টালের লিংক - <https://forms.gle/h6kuixzhRisH6Evr9>

এই বিষয়ে কোনওরকম সাহায্যের প্রয়োজন হলে নিম্নলিখিত হেল্প লাইন নম্বরগুলির যে কোনও একটিতে তাঁরা যোগাযোগ করতে পারে – (১) ৮৪২০৪০৮৮৯৯; (২) ৬২৮৯২৪৮৪৬০; (৩) ৯৮৩০১১৫৩১৯

তাং – ২১/০৪/২০২১

অধ্যক্ষ

কাঁচরাপাড়া কলেজ